

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 04-12-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Bal Vivah Mukta Bharat :

কেন্দ্রীয় নারী ও শিশু বিকাশ মন্ত্রক বাল্য বিবাহ-মুক্ত ভারত গড়ার লক্ষ্যে আজ নতুনদিল্লির বিজ্ঞান ভবনে ১০০ দিনের নিবিড় সচেতনতামূলক প্রচারাভিযানের সূচনা করবে। উপস্থিত থাকবেন নারী ও শিশু বিকাশ মন্ত্রী অন্নপূর্ণা দেবী ও প্রতিমন্ত্রী সাবিত্রী ঠাকুর। ১০০ দিনের এই প্রচার কর্মসূচিকে তিনটি ভাগে ভাগ করা হয়েছে। আগামী ৩১শে ডিসেম্বর পর্যন্ত বিদ্যালয়, কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলিতে প্রবন্ধ প্রতিযোগিতা, মুখোমুখি আলাপচারিতা সহ বিভিন্ন ধরনের সচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত হবে। আগামী বছরের পয়লা জানুয়ারি থেকে ৩১শে জানুয়ারি পর্যন্ত ধর্মীয় নেতা, বিবাহ পরিষেবা প্রদানকারীদের সঙ্গে আলাপচারিতার পাশাপাশি শিশুদের অধিকার, সুরক্ষা এবং ক্ষমতায়ন সংক্রান্ত বার্তা দেওয়া হবে। এই কর্মসূচি চলবে আগামী বছর ৮ই মার্চ পর্যন্ত।

Governor :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু নরসিংগড়ে অবস্থিত রাজ্য সরকারের জুভেনাইল হোম এবং অস্থায়ী ডিটেনশন সেন্টার দুটো গতকাল পরিদর্শন করেন। রাজ্যপাল প্রথমে জুভেনাইল হোম পরিদর্শন করে হোমের আবাসিক এবং কর্মকর্তাদের সঙ্গে কথা বলেন ও হোমের সুযোগ সুবিধা, অভাব

অভিযোগের খোঁজ নেন। পরে অস্থায়ী ডিটেনশন সেন্টার পরিদর্শন করে সেখানকার আবাসিকদের সঙ্গেও মতবিনিময় করেন।

Mukhyamantri Samipeshu :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সরকারী বাসভবনে গতকাল মুখ্যমন্ত্রী সমীপেশুর আরেকটি পর্ব অনুষ্ঠিত হয়। এই পর্বে মুখ্যমন্ত্রী রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আসা জনগণের কথা শুনে তাঁদের সমস্যা সমাধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন। তিনি বলেন, জনগণের সমস্যা নিরসনের উদ্যোগ রাজ্য সরকারের অন্যতম প্রধান লক্ষ্য।

Biplab Kumar Deb :

সাংসদ বিপ্লব কুমার দেব গতকাল লোকসভা অধিবেশনে আগরতলার এম.বি.বি বিমানবন্দরকে আন্তর্জাতিক বিমানবন্দরে ঘোষণার দাবি জানিয়েছেন। পাশাপাশি, তিনি শীঘ্রই এই বিমানবন্দর থেকে আন্তর্জাতিক উড়ান চালুরও দাবি জানিয়েছেন। তিনি বলেন, এম.বি.বি বিমানবন্দরে ইন্ট্রুমেন্ট ল্যান্ডিং সিস্টেম বা ILS সুবিধা রয়েছে।

World Disable Day-Dipa Karmakar:

আন্তর্জাতিক দিব্যাঙ্গজন দিবস উপলক্ষে গতকাল আগরতলার নিউ হোপ সামাজিক সংস্থার উদ্যোগে বিশেষ ভাবে সক্ষম শিশুদের সংবর্ধনা দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন জিমন্যাস্ট পদ্মশ্রী ডঃ দীপা কর্মকার। তিনি বলেন, দিব্যাঙ্গজনেরা কোন অংশে কম নয়, তারাও রাজ্য ও দেশের নাম উজ্জ্বল করতে সক্ষম।

International Day Persons with Disabilities :

অল ত্রিপুরা ব্লাইন্ড কমিটির উদ্যোগে গতকাল আগরতলায় আন্তর্জাতিক দিব্যাঙ্গজন দিবস উদযাপন করা হয়। দিবসটির তাৎপর্য নিয়ে আলোচনা করেন সভাপতি ব্রজহরি দেবনাথ। উপস্থিত ছিলেন সাধারণ সম্পাদক সঞ্জয়ধন ভৌমিক, উপদেষ্টা কমিটির সদস্য শিশির অধিকারী প্রমুখ।

World Disable Day-Teliamura:

আন্তর্জাতিক দিব্যাঙ্গজন দিবস উদযাপন উপলক্ষে গতকাল তেলিয়ামুড়া মহকুমা প্রশাসনের উদ্যোগে মহকুমা শাসক কার্যালয়ে মহকুমার দিব্যাঙ্গ ভোটারদের নিয়ে এক সচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে তেলিয়ামুড়া মহকুমার বিভিন্ন বিধানসভা এলাকার দিব্যাঙ্গ ভোটারদের সংবর্ধনা দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তেলিয়ামুড়ার মহকুমা শাসক অর্পূর্ব কৃষ্ণ চক্রবর্তী, অতিরিক্ত মহকুমা শাসক রুপম দাস প্রমুখ।

Urban Development Department Press Meet :

নগরোন্নয়ন দপ্তরের সচিব অভিষেক সিং গতকাল সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে জানান, আগরতলা স্মার্টসিটি লিমিটেডের অধীনে রাস্তাঘাট নির্মাণ কাজের ক্ষেত্রে জনগনের যাতে কোনো অসুবিধা না হয় সেজন্য কিছু সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। যেকোনো নির্মাণ কাজ শুরু করার দুদিন আগে স্মার্টসিটি লিমিটেডের পক্ষ থেকে বিজ্ঞপ্তি জারি করে জনগনকে অবহিত করা হবে।

Murasing Sikla Badal 4th Conference:

মুড়াসিং জনগোষ্ঠীর যুব সংগঠন মুড়াসিং সিকলা বদলের দুইদিনের চতুর্থ সম্মেলন গতকাল রাতে দক্ষিণ জেলার মুড়াসিং পাড়ায় সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে শেষ হয়েছে। সম্মেলনের উদ্বোধক ছিলেন মুড়াসিং হদার তইফাং সুনীল মুড়াসিং। সম্মেলন থেকে রাজেশ মুড়াসিং সভাপতি ও বরুন মুড়াসিং সম্পাদক পদে পুনঃ নির্বাচিত হন।

Preparatory Meeting Ratan Chakraborty:

আগামী ২৫ ডিসেম্বর খ্রীষ্টান ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় উৎসব ২৫ ডিসেম্বর তথা বড়দিন। বড়দিনকে সামনে রেখে মরিয়ম নগর চার্চে চলছে প্রস্তুতি। মরিয়ম নগরে প্রত্যেক বছরের মত এই বছরও মেলা বসবে। এই মেলাকে সামনে রেখে গতকাল মরিয়মনগর স্কুলে অনুষ্ঠিত হয় প্রস্তুতি সভা। প্রস্তুতি সভা শেষে বিধায়ক রতন চক্রবর্তী জানান, ২৫ ডিসেম্বর রাজ্যের মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা এবং আগরতলার মেয়র দীপক মজুমদার সহ স্থানীয় কর্পোরেটারের উপস্থিত থাকার কথা রয়েছে।

Weather :

আজ দুপুর পর্যন্ত আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালের দিকে হালকা কুয়াশা ছিল। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস কাছাকাছি থাকতে পারে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩ ডিগ্রি সেলসিয়াস।
